



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)

প্রেস বিজ্ঞপ্তি

২৮ ফেব্রুয়ারী, ২০১৬

চাকুরীতে নিয়োগকালীন সময়ে শিক্ষকদের পেশাগত দায়িত্ব ও কর্তব্য সংক্রান্ত আচরণ বিধিমালায় শিশুদের প্রতি শারীরিক মানসিক শাস্তি বন্ধের বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সভায় সিদ্ধান্ত গ্রহণ করেছেন

আজ ২৮শে ফেব্রুয়ারী, ২০১৬ তারিখ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট মোস্তাফিজুর রহমানের সঙ্গে বাংলাদেশে শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে ৩২ দফা সুপারিশ বাস্তবায়নের করণীয় নির্ধারণে সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় মন্ত্রী জানান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে অথবা আদেশ জারী করবে। সভায় আরো সিদ্ধান্ত নেয়া হয় যে,

- শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে ২০১০ সালের ৯ই আগস্ট সরকার কর্তৃক জারীকৃত পরিপত্রটি এবং ২০১১ সালের ২১ শে এপ্রিল সরকার কর্তৃক জারীকৃত নীতিমালা বড় করে স্কুলের প্রধান শিক্ষকদের অফিস কক্ষে প্রদর্শন করতে হবে
- শিক্ষকদের নিয়োগের সময় শিক্ষকদের কর্তব্য, দায়িত্ব ও আচরণ সংক্রান্ত বিধিতে শিশুদের প্রতি শারীরিক শাস্তি বন্ধের বিষয়টি অন্তর্ভুক্ত করবে।
- স্কুলে এসব পরিপত্র প্রদর্শন করা হয়েছে কিনা, শিক্ষার্থীদের জানানো হয়েছে কিনা, অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তির সংখ্যা ইত্যাদি সংক্রান্ত প্রশ্ন বিদ্যালয় পরিদর্শকদের চেকলিস্টে সংযুক্ত করতে হবে।
- যদি এ ধরনের কোন অভিযোগ দায়ের করা হয়, তবে তা যেন স্কুল ম্যানেজমেন্ট কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় সে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।
- জেলা প্রশাসক এবং থানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সমন্বয় সভার (প্রতি ৩মাস অন্তর) আলোচ্য সূচীতে বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে মর্মে আদেশ জারী করবে।
- সেরা স্কুল নির্বাচনের মাপকাঠিতে শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি বন্ধের বিষয়টি অন্তর্ভুক্ত করবে।

সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী এডভোকেট মোস্তাফিজুর রহমান, সচিব মোঃ হুমায়ুন খালিদ, অতিরিক্ত সচিব হেসনে আরা সহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা, গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক সারা হোসেন, সেইভ দ্য চিলড্রেন এর চাইল্ড প্রটেকশন এর পরিচালক লায়লা খন্দকার, সেইভ দ্য চিলড্রেন এর এডভোকেসি এন্ড কমিউনিকেশন ম্যানেজার লায়লা করিম এবং ব্লাস্টের পরিচালক ও আইন উপদেষ্টা এস এম রেজাউল করিম ও এডভোকেসির উপপরিচালক মাহবুবা আক্তার উপস্থিত ছিলেন। সংগঠনগুলোর পক্ষ থেকে উল্লেখিত বিষয় দ্রুত বাস্তবায়নের জন্য আবেদন জানানো হয়।

বার্তা প্রেরক,
মাহবুবা আক্তার,
উপ পরিচালক, এডভোকেসি এন্ড কমিউনিকেশন,
বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট
ফোন: ০১৭৭৬০৬০১১৩